কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নং-১২.০০.০০০০.০৯৭.০১.০০৮.১৮-৩৫৭** **তারিখ : ১০-০৭-২০১৮**

**সভার বিজ্ঞপ্তি**

আগামী ১৫-০৭-২০১৮ তারিখ রবিবার সকাল ১০.০০ টায় জনাব মো: আশ্রাফ উদ্দিন আহমেদ, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয় এর সভাপতিত্বে বীজ আইন-২০১৮ এর আলোকে প্রণীত বীজ বিধিমালার সংযুক্ত খসড়ার ওপর সিড রেগুলেটরী রিফর্ম কমিটির ৩য় সভা সার্ক এগ্রিকালচালচার সেন্টার, সম্মেলন কক্ষ, এআইসি বিল্ডিং (৫ম তলা), বিএআরসি ক্যাম্পাস, ফার্মগেইট, ঢাকায় অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় লিখিত মতামতসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : খসড়া বীজ বিধিমালা।

১০.০৭.১৮

**(মোঃ আজিম উদ্দিন)**
প্রধান বীজতত্ত্ববিদ
ও
সদস্য সচিব, সিড রেগুলেটরী রিফর্ম কমিটি
ফোনঃ ৯৫৪০২৩৮
E-mail : azimseed@gmail.com

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) বিতরণ :**

০১। ড. মো: আব্দুর রাজ্জাক, প্রাক্তন নির্বাহী চেয়ারম্যান বিএআরসি, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা-১২১৫;
০২। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫;
০৩। পরিচালক, শস্য উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫;
০৪। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর, গাজীপুর-১৭০১;
০৫। সদস্য পরিচালক (শস্য), বিএআরসি, ফার্মগেট, খামারবাড়ী, ঢাকা-১২১৫;
০৬। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
০৭। পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
০৮। পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
০৯। প্রফেসর ড. লুৎফুর রহমান, হাউজ #০৯, রোড# ১৫, সেকশন-১২, উত্তরা, ঢাকা-১২৩০;
১০। প্রফেসর ড. শহীদুর রশীদ ভূঁইয়া, অধ্যাপক, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা;
১১। ড. মোঃ নজমুল হুদা, বীজ বিশেষজ্ঞ, প্রপার্টি ফেয়ার, ২ লেক সাকার্স, কলাবাগান ঢাকা;
১২। জনাব এম আনিস উদ দৌলা, চেয়ারম্যান, এসিআই লিঃ, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ও সভাপতি, বাংলাদেশ সীড এসোসিয়েশন;
১৩। জনাব মোঃ মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানী, বাড়ী#১০, গরীবে নেওয়াজ এভিনিউ, সেক্টর # ১৩,উত্তরা, ঢাকা-১২৩০;
১৪। ব্যবস্থাপনা পরিচালক, লাল তীর সীড কোম্পানী, এ্যাংকর টাওয়ার, ১/১বি, সোনারগাঁও রোড, ঢাকা;
১৫। এফ আর মালিক, মল্লিকা সীড কোম্পানী, ১৪৫ সিদ্দিক বাজার, ঢাকা-১০০০;
১৬। জনাব মোঃ শাহজাহান আলী, এডভাইজার, পেট্রোকেম বাংলাদেশ লিঃ, এবিসি হেরিটেজ, জসিম উদ্দিন এভিনিউ, উত্তরা, ঢাকা;
১৭। জনাব সরদার এমডি সালাউদ্দিন, এগ্রো ইনপুট কোয়ালিটি কন্ট্রোল এন্ড স্ট্যান্ডার্ড স্পেশালিস্ট, ইউএসএআইডি, বাংলাদেশ, ঢাকা।
১৮। জনাব এম এ তাহের, স্বত্বাধিকারী, ইউনাইটেড সীড, গ্রীণ রোড, ঢাকা।

**অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। পরিচালক, সার্ক এগ্রিকালচার সেন্টার, বিএআরসি ক্যাম্পাস, ঢাকা (মাল্টিমিডিয়া, ল্যাপটপসহ সম্মেলন কক্ষ প্রস্তুত ও নাস্তা সরবরাহের অনুরোধসহ)।
২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয় **(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);**
৫। মহাপরিচালক, বীজ অনুবিভাগ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৬। অফিস কপি।

E:\letter Seed Regu. Reform Committee-18.doc

# বীজ বিধিমালা, ২০১৮

**১। সংক্ষিপ্ত শিরোনাম**

এই বিধিমালা **বীজ বিধিমালা, ২০১৮** নামে অভিহিত হইবে;

**২। সংজ্ঞা**

বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়

**(ক)"প্রত্যয়ন ট্যাগ"** অর্থ সুনির্দিষ্ট আকৃতির ট্যাগ বা লেবেল যাহা প্রত্যয়ন এজেন্সী কর্তৃক প্রদৎত বীজ সনদের অর্থ প্রকাশ করে;

(খ) **"প্রত্যয়িত বীজ"** অর্থ এমন বীজ যাহা বীজ আইন এবং এই বিধিমালার অধীন প্রদত্ত প্রত্যয়নের সকল শর্ত পূরণ করে এবং প্রত্যয়ন ট্যাগ সংযুক্ত ধারকও ইহার অর্ন্তভূক্ত হইবে;

(গ) **"ফরম"** অর্থ এই বিধিমালার সংযোজিত ফরম;

(ঘ) বীজ আইন" অর্থ বীজ অধ্যাদেশ, ১৯৭৭ এর রহিতক্রমে বীজ আইন ২০১৮;

(ঙ) **"উৎস"** অর্থ বীজ উৎপাদনকারী দেশ এবং যে ক্ষেত্রে বিভিন্ন উৎসের বীজ মিশ্রিত থাকে সে ক্ষেত্রে লেবেলে বীজের প্রত্যেক উৎসের শতকরা হারের উল্লেখ থাকিবে;

(চ) **" প্রক্রিয়াজাতকরণ"** অর্থ পরিষ্কারকরণ, শুকানো, শোধন, গ্রেডিং এবং অন্যান্য কর্মকান্ড যাহা বীজের বিশুদ্ধতা ও অংকুরোদগোম ক্ষমতা পরিবর্তন করিতে পারে এবং ইহার ফলে বীজের মান নির্ধারনে পূণঃ পরীক্ষার প্রয়োজন হইতে পারে কিন্তু প্যাকেজিং ও লেবেলিং এই কর্মকান্ডের অর্ন্তভূক্ত হইবে না;

(ছ) **"বীজ শিল্প"** অর্থ কোন শিল্প বা প্রতিষ্ঠান যাহা ব্যবসার জন্য বীজ উৎপাদন করে বা বীজের উন্নয়ন, সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ, বিক্রয় বা বিনিময়ের ব্যবসা পরিচালনা করে;

(জ) **"শোধিত"** অর্থ নিদির্ষ্ট রোগ-জীবাণু, পোকা-মাকড় বা অন্য কোন বালাই এর আক্রমণ হ্রাস, নিয়ন্ত্রণ বা প্রতিরোধের উদ্দেশ্যে বীজ কোন উপাদান প্রয়োগ বা এমন কোন পদ্ধতি গ্রহণ ।

(ট)''**বীজ ডিলার**'' অর্থ কৃষিকাজে ব্যবহারের উদ্দেশ্যে কোনো ফসল বা জাতের বীজ ব্যবসায়িক ভিত্তিতে উৎপাদন অথবা বিক্রয়, সংরক্ষণ, আমদানি, রপ্তানি, বিনিময় বা অন্য কোনো ভাবে সরবরাহের কাজে নিয়োজিত কোনো ব্যক্তি, কিন্তু ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা নিজে বা অন্য কোনো ব্যক্তির মাধ্যমে স্থানীয় হাট-বাজারে বিক্রয়ের উদ্দেশ্যে উৎপাদন বা মজুদকারী কোনো কৃষক ইহার অন্তর্ভুক্ত হইবেন না;

ঠ) **কারিগরি কমিটি': বিধি ৪ মোতাবেক জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি।**

ড) **"নিয়ন্ত্রিত ফসল বা জাত"**-অর্থ বীজ আইনের ধারা ৭ এর উপ-ধারা (২) এর অধীনের যে কোন ফসল বা জাত ।এই বিধিমালায় অর্ন্তভূক্ত হিসেবে ইতিমধ্যে সরকারী গেজেট নোটিফিকেশনের মাধ্যমে যে সমস্ত ফসলের বীজ মান/মাঠমান নির্ধারণ করা হয়েছে তা নিয়ন্ত্রিত ফসল হিসেবে গণ্য হবে।

(ঢ) ব্যবহৃত বীজ( User Seed)- বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক প্রত্যয়িত শ্রেনীর বীজ যাহা কৃষক ফসল উৎপাদনের জন্য ব্যবহার করবে।

ন) লেবেল:- বিধি মোতোবেক নির্ধারিত তথ্যসমুহ যা সঠিকভাবে বিশ্বস্ততার (Truthfully) সহিত ডিরার কর্তৃক আবশ্যিকভাবে বীজ বিক্রয়/ বিতরণ কালে বীজ ব্যাগে/ প্যাকেটে লাগানো থাকবে ।

**৩। বোর্ডের কার্যাবলী নিম্নরুপ:**

(ক) বীজ শিল্পের উন্নয়ন ও বিকাশে যাবতীয় কর্মকান্ডে উৎসাহপ্রদান;

(খ) সরকারি বীজ পরীক্ষাগারের উপযুক্ততা ও কার্যাবলী নির্ধারণ;

(গ) বীজ আইনের উদ্দেশ্য পূরণকল্পে যে কোন ফসলকে নিয়ন্ত্রিত ফসল ঘোষণা করিতে পারবে;

(ঘ) বীজের কোন নিয়ন্ত্রিত জাতকে ছাড়করণ বা নিবন্ধণ এবং প্রত্যাহার বা অবলুপ্ত করতে পারবে ;

(ঙ) বীজ পরীক্ষা , বিশ্লেষন ও প্রত্যয়ন সর্ম্পকীয় মানদন্ড বা কার্যধারা নির্ধারণ ;

(চ) বীজ প্রত্যয়ন এজেন্সীর ভূমিকা ও দায়িত্ব নির্ধারণ;

(ছ) বীজ নিরাপত্তা প্রক্রিয়া সম্পর্কে সরকারকে পরামর্শ প্রদান;

(জ) বাংলাদেশে উৎপাদিত ফসলের স্থানীয়ভাবে উদ্ভাবিত বা আমদানিকৃত জাতের নিবন্ধণ করিবার ব্যবস্থা গ্রহণ;

(ঝ) বীজ প্রত্যয়ন এজেন্সীর মাঠ পর্যায়ে কর্মকর্তাদের মাধ্যমে বাংলাদেশের বীজ ডিলার নিবন্ধণ এর ব্যবস্থা গ্রহণ;

(ঞ) বীজ সংক্রান্ত কার্যাবলী সুষ্ঠভাবে পরিচালনার উদ্দেশ্যে, এই বিধির সংগে সংযোজিত ফরম পরিবর্তনের ব্যবস্থা গ্রহণ;

(ট) বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক জাত মূল্যায়ন ও বীজ পরীক্ষাসহ বীজ প্রত্যয়ন সংশ্লিষ্ট অন্যান্য ফিসের হার নির্ধারণের সুপারিশ করা;

(ঠ) বীজ আইন এর উদ্দেশ্য পূরণকল্পে, অন্য যে কোন র্কায বা দায়িত্ব সম্পাদন করা ।

**৪।জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সদস্যবৃন্দ নিম্নরুপ:**

| | | |
|---|---|---|
| ১ | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা -১২১৫। | সভাপতি |
| ২ | বিভাগীয় প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | সদস্য |
| ৩ | বিভাগীয় প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান, কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর। | সদস্য |
| ৪ | পরিচালক (গবেষণা), বাংলাদেশ সুগার ক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা। | সদস্য |

| | | |
|---|---|---|
| ৫ | পরিচালক (সরেজমিন) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা-১২১৫। | সদস্য |
| ৬ | পরিচালক (কৃষি) বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা-১২১৫। | সদস্য |
| ৭ | পরিচালক (গবেষণা) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১। | সদস্য |
| ৮ | পরিচালক (গবেষণা) বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট, দিনাজপুর | সদস্য |
| ৯ | পরিচালক (গবেষণা) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১ | সদস্য |
| ১০ | সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫ | সদস্য |
| ১১ | অতিরিক্ত পরিচালক( সীড রেগুলেশন ও মান নিয়ন্ত্রণ) | সদস্য |
| ১২ | প্রতিনিধি, এসআরডিআই, ফার্মগেট, ঢাকা | সদস্য |
| ১৩ | মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা | সদস্য |
| ১৪ | পরিচালক (গবেষণা) বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ। | সদস্য |
| ১৫ | প্রধান বীজ তত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০। | সদস্য |
| ১৬ | কটন এগ্রোনামিষ্ট, তূলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর। | সদস্য |
| ১৭ | সভাপতি বাংলাদেশ সীড এসোসিয়েশন | সদস্য |
| ১৮ | কৃষক প্রতিনিধি, | সদস্য |
| ১৯ | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | সদস্য সচিব |

জাতীয় বীজ বোর্ডে কারিগরি বিষয়ক জাত ছাড়করণসহ যাবতীয় বিষয়ে জাতীয় বোর্ডে সুপারিশ প্রদান করবেন। বোর্ড প্রয়োজনে যে কোন সময় সদস্যের সংখ্যা কম বেশি করতে পারবেন।

## ৫। বোর্ড বা কমিটির সদস্যগণের ভ্রমন ভাতা ও দৈনিক ভাতা

বোর্ড এবং কমিটির সদস্যগণ কমিটি বা বোর্ডের কোন সভায় অংশগ্রহণ করার ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে ভ্রমন ভাতা ও দৈনিক ভাতা উত্তোলন করিতে পারিবেন-

(ক) একজন সরকারি সদস্য সরকারি বিধি মোতাবেক ভ্রমন ভাতা এবং দৈনিক ভাতা প্রাপ্য হইবেন এবং যে উৎস হইতে তাহার বেতন ভাতা উত্তোলিত হয় সেই একই উৎস হইতে তিনি উহা উত্তোলন করিতে পারিবেন ও বোর্ড কর্তৃক নির্ধারিত সম্মানী ভাতাও পাইবেন;

(খ) বেসরকারি সদস্য সরকার কর্তৃক, সময় সময়, এতদুদ্দেশ্যে জারীকৃত সাধারণ আদেশ দ্বারা নির্ধারিত ভ্রমন ভাতা এবং দৈনিক ভাতা প্রাপ্য হইবেন ও বোর্ড কর্তৃক নির্ধারিত সম্মানী ভাতাও পাইবেন।

## ৬। বীজ পরীক্ষাগারের কার্যাবলী

(ক) বীজ পরীক্ষার ফলাফলে সামঞ্জস্যতা আনয়নের লক্ষ্যে দেশি-বিদেশি বীজ পরীক্ষগারের সহযোগিতায় বীজ পরীক্ষা কর্মসূচীর উদ্যোগ গ্রহণ এবং যে কোন ফসলের বীজের জাত ও প্রজাতির নমুনা ও তথ্য সংরক্ষণ;

(খ) বীজ পরীক্ষার পদ্ধতির সহিত সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

(গ) অন্যান্য উৎস হইতে প্রাপ্ত বীজ পরীক্ষা করণ পূর্বক মান সম্পর্কে নিয়মিত উপাত্ত প্রস্তুতকরণ এবং উক্ত উপাত্ত বোর্ডের নিকট উপস্থাপন করা;

(ঘ) বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত প্রক্রিয়া বা পদ্ধতি অনুসরণের মাধ্যমে বীজের নমুনা বিশ্লেষণ;

(ঙ) সরকার কর্তৃক, সময় সময়, প্রদত্ত বিবিধ কার্য সম্পাদন ।

**৭। বীজ প্রত্যয়ন এজেন্সীর কার্যাবলী**

বীজ আইন দ্বারা অর্পিত কার্যাবলী ছাড়াও এজেন্সী নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে-

(ক) জাতীয় বীজ বোর্ডের অনুমোদিত বীজমান ও মাঠমান অনুযায়ী যে কোন ফসলের জাত ও প্রজাতির বীজ প্রত্যয়ন কার্যক্রম পরিচালনা;

খ) প্রত্যয়ন কার্যক্রম ডিজিটালাইজেশনের জন্য অনলাইন সিস্টেম প্রবর্তন;

(গ) চূড়ান্তভাবে প্রত্যয়নকৃত ফসলের জাতের সঠিকতা(True to the variety) নিশ্চিতকরণ ও প্রি-পোষ্ট কন্ট্রোল মাঠ পরিক্ষনের মাধ্যমে প্রত্যয়নকৃত বীজ লটের কৌলিক বিশুদ্ধতা যাচাই

ঘ) প্রত্যয়নকৃতব্য বীজের উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও লেবেলিং এর পদ্ধতি নির্ধারণ;

ঙ) প্রত্যয়নকৃতব্য বীজের অংকুরোদগম হার, বিশুদ্ধতার হার, আর্দ্রতার পরিমাণ ও বীজ মানের অন্যান্য বৈশিষ্ট্য নিশ্চিত করা;

(চ) যে কোন ফসলের বীজ প্রত্যয়নের জন্য আবেদনপত্র প্রাপ্তির পর বপনকৃতব্য বীজের উৎসের সঠিকতা বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক যাচাইকৃত হইয়াছিল কিনা, এই বিধিমালা অনুসারে বীজ ক্রয়ের রেকর্ড আছে কিনা এবং ফি পরিশোধ হইয়াছে কিনা তাহা যাচাই করা;

ছ) মাঠমান নিশ্চিতকরণের জন্য মাঠ পরিদর্শন করা;

(জ) অন্য জাতের বা প্রজাতির বীজের মিশ্রণ ঘটিতেছে কিনা তাহা দেখিতে বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র পরিদর্শন করা;

(ঝ) মাঠ পরিদর্শন, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র পরিদর্শন, নমুনা বিশ্লেষণ এবং চিহ্নিতকরণ, লেবেলিং, সিলিংসহ প্রত্যয়নপৎর প্রদান দ্রুততার সহিত হইতেছে কিনা তা নিশ্চিত করা।

(ঞ) বীজ ডিলার কর্তৃক বাজারজাতকৃতব্য বীজের ধারকের সহিত সংযুক্ত লেবেলে বর্ণিত বীজের মানের সঠিকতা আছে কিনা উহা পোষ্ট কন্ট্রোল নমুনা পরীক্ষা পদ্ধতি দ্বারা তদারকি করা এবং প্রাপ্ত মানের ফলাফল বীজ ব্যবসায়িগণকে অবগত করণ পূর্বক নিম্নমানের ফলাফলের বিষয়ে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ;

(ট) ডিইউএস (DUS: Distinctness, Uniformity and Stability) পরীক্ষার অংশ হিসেবে জাতের চরিত্রগত বৈশিষ্ট্য ও গুনাবলীর কর্মকান্ড (Varietal description activities) পরিচালনা করা এবং সেই সকল

জাতের কার্যকারিতা পরীক্ষার ( VCU: Value for Cultivation and Uses) জন্য বিভিন্ন স্থানে পরীক্ষনের ব্যবস্থা করা;

(ঠ) বিভিন্ন ফসলের বীজের গুনগত ন্যূনতম মান, সময় সময়, পূর্ন বিবেচনা ও অনুমোদনের জন্য সুপারিশ করা ;

(ড) প্রত্যায়িত বীজের উৎপাদনে উৎসাহ সৃষ্টির লক্ষ্যে প্রত্যায়িত বীজের উৎস ও বীজ ডিলারের তালিকা প্রকাশসহ শিক্ষা মূলক কর্মসূচী পরিচালনা করা;

(ঢ) প্রত্যায়িত বীজ উৎপাদনের জন্য যে সকল বীজ বপন করা হইয়াছে উহা এই বিধিমালার অধীন বপনযোগ্য ছিল কিনা যাচাই করিতে প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করা;

(ণ) রোগ, কীট পতঙ্গের দ্বারা সহজে আক্রমণ প্রবণ এবং ক্রমাগত নিম্নপযোগীতা (Poor stability performance) হওয়ার ভিত্তিতে বোর্ডকে যে কোন ফসলের জাত প্রত্যাহারের পরামর্শ প্রদান; প্রত্যাহারকৃত জাত কৌলিসম্পদ হিসেবে সংরক্ষণ ;

ত) জাতীয় বীজ বোর্ডের নিবন্ধনকৃত জাত সমুহের রেফারি নমুনা দীর্ঘমেয়াদী সংরক্ষন ও প্রয়োজনে ডিএনএ ফিংগার প্রিন্টিং এর ব্যবস্থা গ্রহণ করবে।

থ) বীজ আইনের ধারা ১৩ উপ-ধারা ২(ঞ) মোতাবেক আইনের বিধানাবলী কার্যকর করার লক্ষ্যে আইন লঙ্গণকারী ব্যক্তির বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ ।

**৮।জাত ছাড়করণঃ**

ক) জাত ছাড় করণ প্রত্যাশি প্রতিষ্ঠান বা ব্যক্তির সংশ্লিষ্ট বিষয়ে গ্র্যাজুয়েট ডিগ্রীধারী প্রশিক্ষিত প্রজননবিদ থাকিতে হইবে। এছাড়া জাত উদ্ভাবনের সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় অবকাঠামো তথা নিজস্ব মাঠ ও ল্যবরেটরী থাকিতে হইবে।

খ)জাত ছাড় করণের জন্য আবেদন ফরম ১ক এ উল্লেখিত সকল তথ্য আব্যশিকভাবে সংযোজন করিতে হইবে।

গ) জাতীয় বীজ বোর্ড কর্তৃক অনুমোদিত জাত মূল্যায়ন পদ্ধতি (Guidline) অনুসরণ করতে হবে।

**৯। জাত বা প্রজাতির নিবন্ধীকরণের আবেদন**

(১) কোন বীজ ডিলারকে ঘোষিত ফসলের জাত বা প্রজাতি সমূহের নিবন্ধীকরণার্থে ফরম ১ক অনুযায়ী বীজ প্রত্যয়ন এজেন্সীর মাধ্যমে জাতীয় বীজ বোর্ড বরাবরে আবেদন করতে হবে;

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর, বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক ফসলের জাত বা প্রজাতি প্রয়োজনীয় পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করিবে;

(৩) উপ-বিধি (২) এর অধীন পরীক্ষার ফলাফল প্রাপ্তির পর, বোর্ড আবেদনের উপর সিদ্ধান্ত প্রদান পূর্বক উহা বীজ প্রত্যয়ন এজেন্সীর মাধ্যমে আবেদনকারীকে অবহিত করিবে;

(৪) আবেদনপত্র মঞ্জুর করা হইলে বোর্ড নিবন্ধনের একটি প্রত্যয়নপত্র প্রদান করিবে;

(৫) কোন বীজ ডিলারকে অঘোষিত ফসলের জাত বা প্রজাতি সমূহের নিবন্ধীকরণার্থে ফরম ১খ বীজ প্রত্যয়ন এজেন্সীর মাধ্যমে জাতীয়ি বীজ বোর্ড বরাবর আবেদন করিতে হইবে এবং বোর্ড বীজ প্রত্যয়ন এজেন্সীর মাধ্যমে আবেদন যাচাই/ পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করিবে।

১০। **বীজ ডিলার নিবন্ধীকরণের আবেদন**

(১) বীজ ডিলারের নিবন্ধীকরণার্থে ফরম ২ক অনুযায়ী ডিলারের ধরণ(ক-বীজ উৎপাদনকারী ও উদ্ভাবনকারী,খ-বীজ প্রক্রিয়াজাতকরণ ও প্যাকেটজাতকরণ গ- আমদানী ও রপ্তানীকরক, ঘ- পাইকারী ও খুচরা বিক্রেতা) অনুযায়ী আবেদন করিতে হইবে; **নিবন্ধীকরণ** অনলাইনে প্রবর্তন এর পর অনলইনে আবেদন করতে হবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর, বোর্ডের পক্ষে সংশ্লিষ্ট জেলা বীজ পরিদর্শক আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির সত্যতা যাচাই করিবে এবং আবেদনের উপর সিদ্ধান্ত প্রদান পূর্বক উহা আবেদনকারীকে অবহিত করিবে;

(৩) আবেদনপত্র মঞ্জুর করা হইলে বোর্ডর পক্ষে জেলা বীজ প্রত্যয়ন অফিস, নিবন্ধণের একটি প্রত্যয়নপত্র প্রদান করিবে;

**(৪) বীজ ডিলারের রেজিস্ট্রেশন নবায়ণের জন্য ফরম ২খ অনুযায়ী আবেদন করিতে হইবে;**

## ১১। মেনটেন্যান্স ব্রিডিং (Maintainance breeding)-

ক) জাতীয় বীজ বোর্ড কর্তৃক নিবন্ধিত যে কোন ফসলের জাত উদ্ভাবনকারী প্রতিষ্ঠান/ ব্যক্তি সংশ্লিষ্ট প্রজননবিদ মেনটেন্যান্স ব্রিডিং যাবতীয় কলা কৌশল প্রয়োগ করে বংশ পরম্পরায় নিউক্লিয়ার বীজ উৎপাদন ও সংরক্ষণ করিবে।

## ১২। বীজের উৎস ও শ্রেণি-

(১) যে কোন ফসলের জাত বা প্রজাতির বীজ নিম্ন বর্ণিত তিন শ্রেণির হইবে, যাহা বীজ প্রত্রয়ন এজেন্সী কর্তৃক প্রত্যয়নকৃত হইতে হইবে।

(ক) প্রজননবীজ (Breeder seed)- এই বীজের উৎস হইবে নিউক্লিয়ার বীজ । যা ভিত্তি বীজের প্রথম ও বর্ধিত উৎস হিসাবে বিবেচিত হইবে এবং এই শ্রেণির বীজ উদ্ভাবনকারী প্রতিষ্ঠান তার নিজস্ব জমিতে প্রজননবিদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে উৎপাদন করিবে । এই বীজ শুধুমাত্র বীজ বর্ধণ কার্যক্রমে ব্যবহৃত হইবে । প্রজনন বীজ বিতরণ কালে বিবেচ্য বিষয় হবে নিবন্ধিত ডিলার, যাদের ভিত্তি বীজ ও প্রত্যয়িত বীজ উৎপাদনের কারিগরি ও অবকাঠামাগত সক্ষতা থাকতে হবে।

(খ) ভিত্তি বীজ (Foundation seed) এই বীজের উৎস হইবে প্রজনন বীজ।যা প্রত্যয়িত বীজের বর্ধিত উৎস হিসেবে বিবেচিত হইবে। এই বীজ শুধুমাত্র বীজ বর্ধণ কার্যক্রমে ব্যবহৃত হইবে এবং চাষী পর্যায়ে ব্যবহৃত বীজ(User Seed) হিসেবে ব্যবহার করা যাইবে না ।

(গ) প্রত্যায়িত বীজ (Certified seed)- ইহা ভিত্তি বীজের বংশধর হিসেবে উৎপাদিত হইবে । প্রয়োজনে জাতীয় বীজ বোর্ডের অনুমোদন ক্রমে প্রত্যয়িত বীজের বংশধর হিসেবেও শুধুমাত্র একবার বীজ বর্ধণ করা যাইবে;

(ঘ) বিশ্বস্ত বীজ/ মান ঘোষিত বীজ (Truthfully labeled seed) যাহা ভিত্তি, প্রত্যায়িত, মোড়ককৃত (Labeled) বা সময় সময় নির্দিষ্টকৃত অন্য কোন বীজের বংশধর হইবে, যাহার ধারকে নির্ধারিতভাবে উহার গুনাবলী

বর্ণিত থাকিবে এবং এই শ্রেণির বীজের বীজমান ও মাঠমান অবশ্যই প্রত্যায়িত বীজের সমমানের হইতে হইবে। এই শ্রেনীর বীজের হলুদ রং এর লেবেল থাকবে ।

**_১৩। প্রত্যয়নপত্র মঞ্জুরের আবেদন**

ক) আর্ন্তজাতিক সংস্থা (OECD) এর নিয়ম অনুসারে প্রতিটি কম্পেক্ট এরিয়ার জন্য বীজ আইন ধারা ১৪ এর উপধারা ১ এর অধীনে প্রত্যয়নপত্র মঞ্জুরের জন্য ফরম ৩ অনুযায়ী বীজ প্রত্রয়ন এজেন্সী বরাবর এ আবেদন করিতে হইবে;

**খ) অনলইন প্রত্যয়ন পদ্ধতি পবর্তনের পর নিধারির্ত ফর্মে বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবর আবেদন করিতে হইবে।**

**১৪।প্রত্যয়নপত্র মঞ্জুরের ফিস**

বীজ আইন ধারা ১৪ এর উপধারা ১ এর অধীন ফরম ৩ অনুসারে প্রত্যেক আবেদনপত্রের সহিত জাতীয় বীজ বোর্ড কর্তৃক নির্ধারিত অর্থ ট্রেজারী চালানের রশিদ জমা দিতে হইবে।

**১৫। প্রত্যয়নের জন্য আবেদনকৃত বীজ মাঠ গ্রহন এবং বাতিল-**

বিধি **১১** এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর নির্ধারিত মাঠমান অনুসারে বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক বীজ মাঠ পরিদর্শনের ভিত্তিতে ফরম ৪ এর মাধ্যমে মাঠ প্রত্যয়ন এবং ফরম ৫ এর মাধ্যমে মাঠ বাতিলের সিদ্ধান্ত বাতিলের সিদ্ধান্ত আবেদনকারীকে অবহিত করিবে ।

১৬ । **লট নম্বর ও লট স্থানান্তর-**

**(১)** লট নম্বর নিম্নে বর্ণিতভাবে লিপিবদ্ধ করতে হবে

(ক)বীজ ডিলারের রেজিস্টেশন নম্বর/(খ) বীজ এর উৎপাদন বর্ষ/(গ) বীজ উৎপাদন মৌসুম(০১=খরিপ১,০২= খরিপ২ ও ০৩=রবি)/(ঘ) লটের ক্রমিক নং (০০১)

(উদাহরণ:০০০০০/২০১৬-১৭/০৩/০০১)

(২) লট স্থানান্তর-

নিয়ন্ত্রিত ফসলের প্রত্যয়ন কার্যক্রম চলাকালে বীজ লটের কোন রুপ স্থানান্তরের ক্ষেত্রে বীজ প্রত্যয়ন এজেন্সী হইতে স্থানান্তরের চালান সংযোজন করিতে হইবে ।

**১৭। প্রত্যয়নপত্র মঞ্জুর**

প্রতিটি প্রত্যয়নপত্র বীজ আইনের ধারা ১৪ এর উপধারা (২) এর অধীন ফরম ৬ এ বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক উক্ত ধারার বিধান অনুসারে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রয়োজনীয় সন্তোষজনক যাচাইয়ের পরে মঞ্জুর করিতে হইবে ।

(১)বীজ আইনের ধারা ১৪ এর উপধারা (২) এর অধীন যে বীজ ডিলারকে প্রত্যয়নপত্র প্রদান করা হইবে তিনি বীজের প্রতিটি বীজাধারে একটি প্রত্যয়ন ট্যাগ সংযোজন করিবেন এবং উক্ত ট্যাগে নিম্নবর্ণিত তথ্যাদি থাকিবে যথা:

(ক) প্রত্যয়ন এজেন্সীর নাম ও ঠিকানা;

(খ) বীজের জাত ও প্রজাতির নাম;

(গ) বীজের লট নম্বর;

(ঘ) বীজ ডিলারের নাম, নিবন্ধন নম্বর ও ঠিকানা;

(ঙ) প্রত্যয়নপত্র প্রদানের ও মেয়াদ উর্ত্তীণ এর তারিখ;

(চ) প্রত্যায়িত বীজ নিরুপর্নাথে যথাযথ চিহ্ন(ট্যাগের রং);

(ছ) বীজের শ্রেণি (প্রজনন, ভিত্তি ও প্রত্যায়িত) চিহ্নিত করিবার জন্য যথাযথ শব্দ ব্যবহার;

(জ) বীজের বপন বা রোপনের সময়কাল;

(ঝ) বীজ শোধিত না অশোধিত; শোধিত হইলে, "খাদ্য, পশু-খাদ্য কিংবা তেল হিসাবে ব্যবহার করা যাইবে না" লিখে চিহ্নিত করিতে হইবে;

(ঞ) মেয়াদ উর্ত্তীণ বীজ কেহ ব্যবহার করিলে উহা নিজ দায়িত্বে ব্যবহার বলে গণ্য হইবে এবং সে ক্ষেত্রে বীজের স্বত্তাধিকারী প্রতিষ্ঠান উক্ত বীজ ব্যবহারকারীর কোন প্রকার ক্ষতির দায় দায়িত্ব গ্রহণ করিবেন;

(ট) বীজাধারে সংযোজিত সিল কিংবা প্রত্যায়ন ট্যাগ কোন বিকৃত থাকিলে সেই বীজ ক্রয় করা অনুচিত;

(২) বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রত্যয়ন ব্যতীত কোন ফসলের বীজকে প্রজনন বীজ, ভিত্তি বীজ ও প্রত্যয়িত বীজ হিসেবে নামকরণ করা যাইবে না;

(৩) প্রত্যায়ন ট্যাগের রং প্রজনন বীজের জন্য সবুজ, ভিত্তি বীজের জন্য সাদা এবং প্রত্যায়িত বীজের জন্য নীল হইবে ।কোন ক্রমেই প্যাকেটজাত বীজের প্রত্যয়ন ট্যাগের অনুরূপ অন্যকোন ট্যাগ ব্যবহার করা যাইবে না ;

(৪) প্রত্যায়ন এজেন্সী যেইরূপ নির্ধারণ করিবে সেইরূপ উপকরণ দ্বারা প্রত্যয়িত বীজের বীজাধারের সীল ও আকার নির্ধারণ করিতে হইবে এবং যদি কোনভাবে বীজের ট্যাগ বা সীল ক্ষতিগ্রস্থ করা হয় বা তা সরিয়ে ফেলা হয় তাহা হইলে কোন অবস্থাতেই বীজের পাত্র বা প্যাকেট বিক্রয় করা যাইবে না ।

(৫) প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বিক্রয়ের জন্য সরবরাহকৃত বীজের প্রতিটি লটের বিস্তারিত তথ্যাদি এমনভাবে সংরক্ষণ করিবেন যাহাতে পরবর্তীতে পরিদর্শনের সময় প্রতিটি বীজাধারে প্রত্যায়ন ট্যাগ ও লট নম্বর অনুসারে সনাক্ত করা যায় এবং বিশেষ করে যে সব বীজের মেয়াদ ২ বৎসর সেই সকল বীজের ক্ষেত্রে উক্ত তথ্যাদি সঠিকভাবে সংরক্ষণ করিতে হইবে।

(৬) প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান "বীজ পরিদর্শক" অথবা প্রত্যয়ন এজেন্সী কর্তৃক লিখিতভাবে দায়িত্বপ্রাপ্ত যে কোন কর্মকর্তাকে এজেন্সীর পক্ষে কোন প্রকার নোটিশ প্রদান বা নোটিশ ব্যতীত বীজ উৎপাদন খামারের আঙ্গিনা, প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র গুদাম ও বিক্রয় কেন্দ্র যুক্তিসংগত যে কোনো সময়ে প্রবেশ এবং পরিদর্শন করিতে অনুমতি দিতে বাধ্য থাকিবে ।

(৭) প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান "বীজ পরিদর্শক" অথবা প্রত্যয়ন এজেন্সী কর্তৃক লিখিতভাবে দায়িত্ব প্রাপ্ত যে কোন কর্মকর্তাকে এই বিধির অধীন সংরক্ষিত সব রেজিস্ট্রার এবং রেকর্ডপত্র পরিদর্শন এবং বীজের নমুনা সংগ্রহ করিবার অনুমতি প্রদান করিবে এবং যে শর্ত সাপেক্ষে প্রত্যয়নপত্র প্রদান করা হইয়াছিল সেই সকল শর্ত সঠিকভাবে পালন করা হইতেছে কিনা তাহা নির্ণয় করিবার উদ্দেশ্যে পরিদর্শকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করিবে।

(৮) প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রত্যয়ন এজেন্সীর অনুরোধে বীজের প্রতিটি লট বা লটসমূহ হইতে পরীক্ষার জন্য চাহিদা মোতাবেক পর্যাপ্ত পরিমাণ বীজের নমুনা সরবরাহ করিবে ।

(৯) প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান দফা ৮ এর অধীন যে লট হইতে এজেন্সীকে নমুনা সরবরাহ করা হইয়াছে সেই লটের বীজ বিক্রয় করিতে বা বিক্রয়ের কোন পদক্ষেপ নিতে পারিবে না যতক্ষণ না প্রত্যয়ন এজেন্সী বিক্রয়ের নির্দেশ প্রদান করে ।

(১০) বীজ আইনের অধীন নির্দিষ্টকৃত বীজ মান অনুসারে বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বীজের কোন লটের অংশ বিশেষের গুণগত মান বা বিশুদ্ধতা সঠিক পাওয়া যায়নি মর্মে পরবর্তীতে কোন নির্দেশ প্রদান করা হইলে, উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত লটের অবশিষ্ট বীজ বিক্রয় বন্ধ করিবে এবং বিশেষ পরিস্থিতিতে, সম্ভবপর হইলে, উক্ত লট হইতে ইতোমধ্যে বিক্রিত বীজসমূহ ফেরত লইবার ব্যবস্থা গ্রহণ করিবে ।

(১১) প্রত্যয়নপত্র প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বীজ আইন এবং বিধিমালার বিধানসমূহ মানিয়া চলিবে এবং উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক জারিকৃত নির্দেশনা জারির অনুর্ধ্ব ১ মাসের মধ্যে তা বাস্তবায়ন করিতে বাধ্য থাকিবে ।

**১৮ । আপিল**

(১) বীজ আইনের ধারা ১৬ উপ-ধারা (১) এর অধীন প্রত্যেকটি আপিল লিখিত হইতে হইবে এবং ইহার সহিত প্রত্যয়ন এজেন্সীর যে সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা হইয়াছে তাহার একটি কপি সংযোজন করিতে হইবে এবং প্রতিটি সিদ্ধান্তের উপর আপত্তির কারণ, কোন ব্যাখ্যা ও বিশ্লেষণ ব্যতিরেকে, সংক্ষিপ্ত ও সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

(২) প্রত্যেক আপীল আবেদনের সঙ্গে দুই হাজার টাকার ট্রেজারী চালানের রশিদ সংযোজন করিতে হইবে।

(৩) প্রতিটি আপিল আবেদনকারী কর্তৃক ব্যক্তিগত ভাবে বা এতদুদ্দেশ্যে তৎকর্তৃক লিখিতভাবে দায়িত্ব প্রাপ্ত এজেন্টের মাধ্যমে বা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করিতে হইবে।

**১৯) আপিল কর্তৃপক্ষ অনুসরনীয় কার্যপদ্ধতি**

আপিল নিষ্পত্তির ক্ষেত্রে বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত আপিল কর্তৃপক্ষ The Code of Civil Procedure, 1908(V of 1908) এর অধীন কোন আদালত কোন ডিক্রি বা আদেশের উপর সিদ্ধান্ত প্রদানের যে পদ্ধতি অনুসরণ করে সেই একই পদ্ধতি অনুসরণ করিবে।

**(২০) লেবেলিং বা মার্কিং**

যে কোন ফসলের জাত বা প্রজাতির বীজ বদ্ধ (সিল্ড) ধারকে বা প্যাকেটে বিক্রয় করিতে হইলে ঐ ধারক বা প্যাকেটে এই বিধিমালায় উল্লেখিত দফা ২১ মোতাবেক উহা লেবেল বা মার্ক করিতে হইবে এবং উক্ত মার্ক বা লেবেল বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক অনুমোদন পূর্বক বিক্রয় বা বিতরণ করিতে হইবে।

**(২১) লেবেল বা মার্কে উল্লেখিত বিষয়সমূহ**

প্রতিটি লেবেল বা মার্কে নিম্নবর্ণিত সুনির্দিষ্ট তথ্যাদি থাকিবে-

(ক) জাত ও প্রজাতির নাম;
(খ) বীজের লট নির্দেশক নম্বর;
(গ) বীজের অংকুরোদগম এবং বিশুদ্ধতার শতকরা হার ও অন্যান্য গুণাবলী;
(ঘ) মেট্রিক পদ্ধতিতে বীজের সঠিক ওজন বা সংখ্যা;
(ঙ) পরীক্ষার তারিখ;
(চ) মেয়াদ উর্ত্তীণ তারিখ;
(ছ) যদি ধারকের বীজ শোধিত হইয়া থাকে, তাহা হইলে উহাতে নিম্নবর্ণিত তথ্যাদি সংযুক্ত করিতে হইবে;

(১) বীজ শোধন করা হইয়াছে মর্মে বিবৃতি;

(২) বীজে ব্যবহৃত রাসায়নিক এবং অন্যান্য দ্রব্যাদির বিবরণ ;

(৩) যদি এমন কোন রাসায়নিক পদার্থ দ্বারা বীজ শোধণ করা হয় যাহা শোধনের পরও বীজে বিদ্যমান থাকে এবং উহা মানুষ বা স্তন্যপায়ী প্রাণীর ক্ষেত্রে ক্ষতিকর হইবে, তাহা হইলে একটি সতর্কীকরণ বিজ্ঞপ্তি, যেমন-"খাদ্য বা তেল হিসেবে ব্যবহার করা হইবে না এবং বিষাক্ত দ্রব্যের জন্য অবশ্যই" বিষ" শব্দটি যা স্পষ্ট মুদ্রিত লাল লেবেলযুক্ত করে প্রদর্শন করিতে হইবে।

(জ) যে ব্যক্তি বীজ বিক্রয়ের প্রস্তাব করে, বিক্রয় করে বা অন্যভাবে সরবরাহ করে এবং যিনি গুনগতমান এর জন্য দায়ী তাহার নাম ও ঠিকানা।

## (২২) ধারক মার্কিং ও লেবেলিংকরণ পদ্ধতি

(১)মার্ক বা লেবেল বিধি মোতাবেক নির্ধারিত বীজের বিবরণ সঠিকভাবে ধারকের উপর দৃষ্টিগ্রাহ্য স্থানে সংযুক্ত থাকিবে।প্যাকেটকৃত এই বীজ অন্যকোন মোড়কে আবৃত করার ক্ষেত্রে অনুরূপ ভাবে মার্ক বা লেবেলকৃত ও পাঠযোগ্য হইতে হইবে।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছু থাকুক না কেন, শুধুমাত্র প্যাকিং, পরিবহন কিংবা বিতরণের জন্য ব্যবহৃত কোন স্বচ্ছ আবরণ বা র‌্যাপার, খাঁচা বা অন্যান্য মোড়ক সমুহ মার্কিং বা লেবেল করার প্রয়োজন হইবে না ।

(৩) যে ক্ষেত্রে এই বিধিসমূহের কোন বিধান দ্বারা ধারকের উপর কোন লেবেলে কোন বিবরণ প্রদর্শন করা প্রয়োজন হয়, সে ক্ষেত্রে ঐ সকল বিবরণ লেবেলে প্রদর্শন না করে ধারকের গায়ে অমোচনীয় কালি দ্বারা প্রদর্শন করা যাইতে পারে।

## ২৩। মার্ক অথবা লেবেলে মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য অর্ন্তভূক্তি না করা

মার্ক বা লেবেলে এমন কোন বিবরণ, দাবি, নক্সা, কৌশল, চটকদার নাম বা শব্দ সংক্ষেপ থাকিতে পারিবে না যাহাতে ধারকে রক্ষিত বীজ সর্ম্পকে মিথ্যা অথবা বিভ্রান্তি তৈরী হয়। **মার্ক অথবা** লেবেল বীজ প্রত্যয়ন এজেন্সীর ট্যাগের অনুরোপ আকার ও রং এর সংযুক্ত করা যাবে না

## (২৪) আইন অথবা বিধিমালার সহিত অসঙ্গতিপূর্ণ কোন বিবরণ মার্ক বা লেবেলে উল্লেখ না করা

মার্ক বা লেবেলে বীজ আইন অথবা এই বিধিমালার কোন বিধির উল্লেখ অথবা বীজ আইন বা বিধিমালার বিধির দ্বারা আবশ্যকীয় কোন বিবরণ সর্ম্পকিত মন্তব্য, উল্লেখ, ব্যাখ্যা বা ঘোষণা থাকিবে না যাহা প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে বিধিমালার বর্ণিত নির্ধারিত বিবরণকে বিতর্কিত করে বা পরিবর্তন সাধন করে।

## ২৫। দায়িত্বের অস্বীকৃতি

যে কোন ফসলের জাত বা প্রজাতির বীজের মার্ক বা লেবেল বা বিজ্ঞাপণে এমন কোন বিবরণ থাকিবে না যাহা বীজ আইন বা ইহার অধীন বিধিমালার বিধিতে বর্ণিত মার্ক, লেবেল বা বিজ্ঞাপনে প্রদর্শিত হইবার বাধ্যবাধকতাকে অস্বীকার করে।

**২৬। বীজ আইন ধারা ৮ এ উল্লিখিত বীজ ডিলার হিসেবে নিয়োজিত কোন ব্যক্তি কর্তৃক অনুসরণীয় শর্তাবলী -**

(১) যে কোনো বীজ ডিলার যে কোন ফসলের জাতের বা প্রজাতির বীজ ধারকের গায়ে মেয়াদ উত্তীর্ণ তারিখের পর বীজ বিক্রয়, বিক্রয়ের জন্য প্রস্তাব, মজুদ, বিনিময় বা অন্য কোনোভাবে বিতরণ করিতে পারিবে না ।

(২) যে কোনো বীজ ডিলার বীজ ধারকের গায়ের মার্ক/ লেবেল পরিবর্তন করিতে, মুছিতে বা বিকৃত করিতে পারিবে না।

(৩) যে কোনো বীজ ডিলার বীজ লটের সমস্ত বীজ বিক্রয়ের পর কমপক্ষে দুই বৎসর সেই লটের বিক্রিত বীজের সমুদয় তথ্য এমনভাবে সংরক্ষণ করিবে যাহাতে সহজে পরিদর্শন করা যায় এবং প্রত্যয়ন ট্যাগে বীজ লট নম্বর দ্বারা সহজে চেনা যায় এবং পরিপূর্ণ তথ্যের অংশ হিসেবে বোর্ড কর্তৃক সময় সময় যেইরূপ নির্ধারণ করা হয় সেইরূপ পরিমাণ বীজের নমুনা সংরক্ষিত রাখিবেন ।

(৪) যে কোনো বীজ ডিলার অন্য কোনো নিবন্ধীত বীজ ডিলার বা তাহার নিবন্ধীত বীজের নাম বা ট্রেডমার্ক বীজ ধারকে লেবেলযুক্ত করিয়া বীজ বিক্রয় করিতে পারিবে না ।

(৫) যে কোনো বীজ ডিলার বীজ পরিদর্শক অথবা বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে বীজের নমুনা লইতে বা পোস্ট-কন্ট্রোল কার্যক্রম ও পরামর্শের জন্য তথ্য সংগ্রহ করিতে সহযোগিতা করবেন ।

**(৬) অঘোষিত ফসলের বীজ প্যাকেটে বাজার জাতের ক্ষেত্রে লেবেলের তথ্যাদি বীজ আইন এর ধারা ১০, ২৩ এবং বিধি ১২ এর অনুসরণ করতে হবে।**

**২৭।বীজ বিশ্লেষক ও বীজ রোগতত্ত্ববিদের যোগ্যতা**

কোনো ব্যক্তি বীজ বিশ্লেষক হিসেবে নিয়োগ লাভের যোগ্য হইবেন না, যদি তিনি সরকার কর্তৃক স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে কৃষিতে স্নাতক ডিগ্রী না হন এবং বিসিএস কৃষি ক্যাডার কর্মকর্তাগণকে গেজেট প্রজ্ঞাপন দারা বীজ বিশ্লেষক ও বীজ রোগতত্ত্ববিদ হিসেবে প্রদায়ন করিবে ।

**২৮।বীজ বিশ্লেষক ও বীজ রোগতত্ত্ববিদের দায়িত্ব**

বীজ বিশ্লেষক ও বীজ রোগতত্ত্ববিদের দায়িত্ব হইবে নিম্নরূপ:

(ক) বিশ্লেষণের জন্য বীজের নমুনা গ্রহণকালে বীজ আইন ধারা ২২ এর উপ-ধারা (১) এর দফা অনুসারে বীজব্যাগ মার্ক ও সীলযুক্ত আছে কিনা বা বাধন অক্ষুন্ন আছে কিনা তাহা নিশ্চিত করা;

(খ) বীজ আইন ও এই বিধিমালার বিধানাবলী অনুসারে বীজ নমুনা বিশ্লেষণ করা;

(গ) বীজ বিশ্লেষণের ফলাফলের প্রতিবেদন বীজ প্রত্যয়ন এজেন্সীকে এবং উহার কপি যে সকল ব্যক্তি, খামার বা এজেন্সির নিকট হইতে নমুনা সংগ্রহ করা হইয়াছে তাহাদেরকে সরবরাহ করা;

(ঘ) বীজ পরীক্ষার ফলাফল সম্পর্কিত কর্মকান্ডের মাসিক ও বাৎসরিক প্রতিবেদন বীজ প্রত্যয়ন এজন্সীতে পাঠানো;

(ঙ) বীজ বিশ্লেষন ও ফলাফল বিতরনের মধ্যে সময় স্বল্পতার ক্ষেত্রে টেলিফোন, ই-মেইল, মোবাইল বা বার্তাবাহকের মাধ্যমে বীজ লটের নিম্নমানের ফলাফল যে ব্যক্তির নিকট হইতে বীজ নমুনা সংগ্রহ করা হইয়াছে তাহাকে অবহিত করা ।

**২৯। বীজ পরিদর্শকের যোগ্যতা ও দায়িত্ব এলাকা পালন**

ক) কোনো ব্যক্তি বীজ পরিদর্শক হিসেবে নিয়োগ লাভের যোগ্য হইবেনা , যদি তিনি সরকার কর্তৃক স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে কৃষিতে স্নাতক ডিগ্রি প্রাপ্ত না হন । বি, সি, এস (কৃষি) ক্যাডারভূক্ত বীজ প্রত্যয়ন এজেন্সীতে কর্মরত কর্মকর্তাগণ স্ব স্ব জেলায় **বীজ পরিদর্শকের দায়িত্ব পালন করিবেন ।**

**খ) প্রত্যেক বীজ পরিদর্শক পেনাল কোড ১৮৬০ সনের ৪৫ নং আইন (Act XLV of 1860) এর ধারা ২১ অনুযায়ী সরকারী কর্মচারী বলিয়া গণ্য হইবে এবং সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের অধীনস্থ হইবেন।**

**৩০। বীজ পরিদর্শকের দায়িত্ব**

বীজ আইন নির্ধারিত দায়িত্ব ছাড়াও একজন পরিদর্শক নিম্নরূপ দায়িত্ব পালন করিবেন:

(ক) বীজ প্রত্যয়ন প্রক্রিয়ার আওতায় যে সকল স্থানে কোন ফসলের জাত বা প্রজাতির বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, মজুদ বা বিক্রয় করা হয় সে সকল স্থানে বীজ প্রত্যয়ন এজেন্সীর পরিদর্শক প্রয়োজনানুসারে পরিদর্শন করিবেন;

(খ) প্রত্যয়নের সকল শর্ত যথাযথভাবে অনুসৃত হইতেছে মর্মে যাচাই পূর্বক সন্তোষ্ট হইবেন;

(গ) বীজ আইন বা বিধিমালার বিধানাবলীর লঙ্ঘন করিয়া কোন শ্রেণির বীজ উৎপাদন, মজুদ বা বিক্রয়ের জন্য প্রদর্শিত হইতেছে মর্মে সন্দেহের উদ্রেক হইলে প্রয়োজনবোধে নমুনা সংগ্রহ করিয়া বিশ্লেষণের জন্য প্রেরণ করিবেন;

(ঘ) বীজ আইন বা বিধিমালার বিধানাবলীর লঙ্ঘন সম্পর্কিত তাহার নিকট লিখিত অভিযোগ সর্ম্পকে তদন্ত করিবেন;

ঙ) তল্লাশি ও জব্দকরণ- বীজ আইন ও বিধিমালার বিধান ভংগের কারণে সংশ্লিষ্ট বীজ রেকর্ট, রেজিষ্টার ও অন্যান্য দ্রব্য তল্লাশি ও জব্দ করিবেন;

(চ) নমুনা সংগ্রহ এবং জব্দকরণসহ তাহার দায়িত্ব পালনাবস্থায় সকল পরিদর্শন ও তৎকর্তৃক গৃহীত ব্যবস্থার রেকর্ড সংরক্ষণ করিবেন এবং উহার কপি এতদলক্ষ্যে যেরূপ নির্দেশ প্রাপ্ত হন, প্রত্যয়ন এজেন্সীর সংশ্লিষ্ট ব্যক্তিদের বা খামার (Farms) গুলিতে সরবরাহ করিবেন ;

(ছ) সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত, হইলে আমদানিকৃত কোন ধারকে (কন্টেইনারে) বীজ আইন বা এই বিধিমালার বিধান অনুসারে আমদানি করা নিষিদ্ধ এবং উহার পরিপন্থী কোন বীজ রহিয়াছে মর্মে সন্দেহের কারণ দেখা দিলে কন্টেইনারটি আটক করিবেন;

(জ) বীজ আইন বা বিধিমালার বিধান লঙ্ঘন করিলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন; এবং

(ঝ) সরকার এবং বোর্ড কর্তৃক ন্যস্ত এইরূপ অন্যান্য দায়িত্ব পালন করিবেন।

**(ঞ) বিধি ২৬ এর ৬ উপঅনুচ্ছেদ অনুসরনে ব্যর্থতার ক্ষেত্রে বীজ আইন এর ধারা ১৯ এর উপ-ধারা ৫ মোতাবেক ব্যবস্থা নিবেন ।**

**ট) বীজ আইনে ধারা ২৪(১) এবং ২৭ এর প্রেক্ষিতে বীজ পরিদর্শক লিখিত অভিযোগ করিবে যা আদালত কতৃর্ক আমল যোগ্য হইবে।**

**ঠ) বীজ পরিদর্শক কিংবা সরকার/এসসিএ কর্তৃক দায়িত্ব প্রাপ্ত কোন কর্মকর্তা সরল বিশ্বাসে তার উপর অর্পিত দায়িত্ব পালনের জন্য কোন নিম্ন/উচ্চতর আদালত এবং বিভাগীয় ব্যবস্থা/ মামলার সম্মুখীন হইতে হইবে না।**

**৩১। বীজ নমুনা ও হ্যান্ডলিং এর ধরন**

বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে বীজ বিশ্লেষনের জন্য কোন শ্রেণির বীজের জাত বা প্রজাতির নমুনা পরিষ্কার শুকনো পাত্রে সংগ্রহ করিতে হইবে এবং যথেষ্ট শক্ত করে বন্ধ করিতে হইবে যাহাতে উহা নিচ্ছিদ্র থাকে ও বাহিরের আর্দ্রতা প্রবেশ করিতে না পারে এবং সর্তকতার সহিত সীলগালা করিতে হইবে।

**৩২। ধারকের গায়ে লেবেল ও ঠিকানা সংযুক্তকরণ**

বিশ্লেষণের জন্য নমুনা সম্বলিত বীজ ধারক সঠিকভাবে লেবেলযুক্ত করিতে হইবে এবং পার্সেলের ঠিকানা সঠিক হইতে হইবে । বিশ্লেষণের জন্য প্রেরিত নমুনা ধারকের লেবেলে নিমোক্ত তথ্যাদির উল্লেখ থাকিতে হইবে-

(ক) ক্রমিক নম্বর;
(খ) অফিসের পদবীসহ প্রেরকের নাম;
(গ) যাহার নিকট হইতে নমুনা সংগ্রহ করা হইয়াছে তাহার নাম;
(ঘ) নমুনা সংগ্রহের তারিখ ও স্থান;
(ঙ) বিশ্লেষণের জন্য প্রেরিত বীজের জাত এবং প্রজাতি;
(চ) বীজের পরিমাণ;
(ছ) বীজ নমুনায় সংযোজিত প্রিজারভেটিভের, যদি থাকে, ধরন ও পরিমাণ ।
জ) অফারকৃত বীজের ডিলারের নিজস্ব ঘোষিত মানসমুহ

**৩৩। নমুনা মোড়কবদ্ধ, বাধা এবং সীল করণের পদ্ধতি**

বিশ্লেষণের জন্য প্রেরিত বীজ নমুনা নিম্নবর্ণিত পদ্ধতিতে মোড়কবদ্ধ করিতে, বাঁধিতে এবং সীলমোহর করিতে হইবে-
ক) পরিবহনের সময় বীজাধারের ছিপি সতর্কতার সহিত এমন ভাবে বন্ধ করিতে হইবে যাহাতে ফাঁকা না থাকে;
(খ) পরবর্তীতে পাত্রটি বেশ শক্ত পুরু কাগজ দ্বারা সর্ম্পূণভাবে মোড়াইতে হইবে এবং কাগজের প্রান্ত পরিচ্ছন্নভাবে ভাঁজ করিয়া গাম বা অন্য কোন আঠালো দ্রব্য দ্বারা আটকাতে হইবে;
(গ)কাগজের মোড়কটি পুনরায় শক্ত তার ও সূঁতা দ্বারা লম্বালম্বি ও আড়াআড়ি দৃঢ়ভাবে বাঁধিতে হইবে । অত:পর উক্ত তার বা সূঁতার বাঁধন সীলগালার মাধ্যমে কাগজের মোড়কের উপর এটে দিতে হবে যাহার উপর প্রেরণকারীর কমপক্ষে চারটি পৃথক ও স্পষ্ট সীলমোহর থাকিবে, সে গুলির একটি মোড়কের উপরে, একটি নিচে এবং অন্য দুটি মোড়কের গায়ে থাকিবে ।তার বা সূঁতার গিরাসমূহ সীলগালা দ্বারা ঢাকিয়া দিতে হইবে এবং উহাতে প্রেরকের সীলমোহর থাকিবে।

**৩৪। আদেশের ফরম**

বীজ আইনের ধারা ১৯ এর উপ-ধারা (১) এর দফা (ক) এর অধীন বীজ পরিদর্শক কর্তৃক ফরম ৭ এ লিখিতভাবে আদেশ প্রদান করিতে হইবে।

**৩৫। রেকর্ডপত্র গ্রহণ**

কোন বীজ পরিদর্শক কোন রেকর্ড, রেজিষ্ট্রার, ডকুমেন্ট বা অন্য কোন মালামাল জব্দ করিলে সংশ্লিষ্ট ব্যক্তিকে ফরম ৮ এ একটি রশিদ প্রদান করিতে হইবে।

**৩৬। বিশ্লেষকের নিকট নমুনা প্রেরণ পদ্ধতি**

বীজ বিশ্লেষকের ঠিকানায় বীজ বিশ্লেষণের জন্য প্রেরিত বীজ নমুনা ফরম ৯ এ একটি স্মারক পত্রের সহিত সীলগালা করিয়া রেজিষ্ট্রি ডাকে অথবা হাতে হাতে প্রেরণ করিতে হইবে ।

**৩৭।স্মারক পত্র ও সীলের ছাপ পৃথকভাবে প্রেরণ**

স্মারক পত্রের কপি এবং সীলের নমুনা ছাপ পৃথকভাবে বীজ বিশ্লেষকের নিকট রেজিষ্ট্রি ডাকে অথবা হাতে হাতে অথবা ক্ষমতা প্রদানকৃত বাহকের মাধ্যমে প্রেরণ করিতে হইবে ।

**৩৮।নমুনায় প্রিজারভেটিভ সংযোজন**

বীজ আইনের অধীন বীজ পরীক্ষার উদ্দেশ্যে বীজ নমুনা সংগ্রহকারী কোন পরিদর্শক নমুনা পর্যবেক্ষণের যথোপযুক্ত অবস্থা বজায় রাখিতে সময় সময় যেরূপ নির্ধারণ করিবে সেরূপ একটি প্রিজারভেটিভ, বীজ নমুনায় সংযোজনের ব্যবস্থা নিবে।

**৩৯।লেবেলে প্রিজারভেটিভের ধরণ ও পরিমাণ উল্লেখ**

কোন নমুনা প্রিজারভেটিভ সংযোজন করা হইলে, সংযোজিত প্রিজারভেটিভের ধরন ও পরিমাণ স্পষ্টভাবে ধারকের গায়ে সংযুক্ত লেবেলে উল্লেখ করিতে হইবে।

**৪০।নমুনা বিশ্লেষণ**

প্যাকেট প্রাপ্তির পর বীজ বিশ্লেষক বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত অফিসার উহা খুলিবেন এবং প্যাকেটের উপরের সীলমোহর এর অবস্থা রেকর্ড করিবেন ।

**৪১।নোটিশের ফরম**

কোন ব্যক্তির নিকট হইতে বীজ পরিদর্শক নমুনা সংগ্রহ করিতে চাহিলে, সেই ব্যক্তিকে বীজ আইনের ধারা ২০ এর উপ-ধারা (১) এর দফা (ক) অধীন ফরম ১০ এ নোটিশ প্রদান করিতে হইবে ।

**৪২। রিপোর্টের ফরম**

বীজ আইনের ধারা ২২ এর উপ-ধারা (২) এর দফা (ক) অধীন বীজ বিশ্লেষণের ফলাফল রিপোর্ট ফরম **১১** অনুযায়ী বিলি বা প্রেরণ করিতে হইবে ।

**৪৩। ফিস**

বীজ আইনের ধারা ২০ এর উপ-ধারা (২)এর দফা (গ) অধীন বীজ পরীক্ষাগারের ফলাফলের রিপোর্ট এর জন্য পরীক্ষিত বীজের নমুনা প্রতি প্রদেয় ফিস সরকারের পূর্বানুমোদনক্রমে বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত হইবে ।

**৪৪।নমুনা সংরক্ষণ**

বীজ আইনের ধারা ২০ এর উপ-ধারা (২) এর দফা (গ) এর অধীন বীজের নমুনা জীবনীশক্তি হারানো জনিত ক্ষতি দূরীকরণার্থে ঠান্ডা ও শুস্ক পরিবেশে এবং পোকা-মাকড় বা ইঁদুররোধক ধারকে সংরক্ষণ করিতে হইবে । প্রতিটি ধারক উপযুক্ত কীটনাশক দ্বারা পরিশোধিত করিতে হইবে এবং পোকা-মাকড়ের উপদ্রব এড়াইবার জন্য বীজ সংরক্ষণ কক্ষকে ধোঁয়ার সাহায্যে জীবানুমুক্ত করিতে হইবে ।প্রতিটি নমুনা গুদামজাত করিবার পূর্বে সুষম ও সমআকৃতির উৎকৃষ্টমানের ধারকে মোড়কজাত করিতে হইবে ।

**৪৫। স্মারকের ফরম**

অধ্যাদেশের ধারা বীজ আইনের ধারা **১৯** এর উপ-ধারা (৩) এর অধীন ফরম **১২** এ স্মারক প্রস্তুত করিতে হইবে।

## ফরম ১ক

(বিধি ৭ দ্রষ্টব্য)

## ঘোষিত ফসলের জাত বা প্রজাতির নিবন্ধণ ফরম

অংশ-১ প্রস্তাবিত জাত/ কাল্টিভার এর কারিগরি তথ্য

১। আবেদনকারীর নাম ও ঠিকানা (নতুন জাতের উন্নয়নের জন্য দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি):

২।ক) যে জাত হইতে নতুন জাতের উদ্ভব হইয়াছে তাহার উদ্ভিদতাত্ত্বিক নাম:

খ) স্টেশন নম্বর

গ) প্রস্তাবিত প্রচলিত নাম:

৩।জাত/কাল্টিভার এর উৎস:

ক) সূচনা :

খ) উৎস দেশ :

গ) মূল স্টেশন নম্বর :

ঘ) বংশ পরিচয় নম্বর :

ঙ) শতকরা হার :

৪ ।নতুন জাতের পরিবেশগত (Ecological) চাহিদা:

ক) মৌসুম :

খ) মৃত্তিকা :

গ) পানি :

ঘ) অন্য কোন তথ্য:

৫ ।নতুন জাতের কৃষি তাত্বিক (Agronomical) চাহিদা:

ক) চাষ পদ্ধতি:

খ) প্রতি হেক্টরে বীজের হার:

গ) রোপন দূরত্ব :

ঘ) প্রতি হেক্টরে গাছের সংখ্যা:

ঙ) প্রতি হেক্টরে সারের প্রয়োজনীয়তা:

চ) মাঠে ফসলের জীবনকাল/মেয়াদ:

(বীজ হইতে বীজ)

৬। পণ্য ব্যবহারের জন্য যদি বিশেষ প্রক্রিয়াজাতকরণের প্রয়োজন হয়, তাহা হইলে উহার বিবরণ।

৭। শস্যের ব্যবহার যোগ্য অংশের নাম:

৮। রোগ পোকার প্রতিক্রিয়ার উপর কোন পরীক্ষা করা হইয়া থাকিলে উহার বিবরণ:

ক) প্রাকৃতিক (পরীক্ষিত মৌসুম/বৎসরের সংখ্যা):

খ) কৃত্রিম:

৯। নতুন জাতের অন্য কোন বিশেষ বৈশিষ্টের বর্ণনা:

১০। নিম্নলিখিত পরীক্ষাগুলো হইয়া থাকিলে উহার বর্ণনা :

ক) অগ্রগামী সারির ফলন পরীক্ষা :

খ) আঞ্চলিক ফলন পরীক্ষা : (RYT)

গ) খামারে ফলন পরীক্ষা : কৃষকের মাঠে অভিযোগপত্র ফলন পরীক্ষা (AZART)

ঘ) কৃষিতাত্বিক পরীক্ষা :

১১। অতিরিক্ত তথ্যাবলী:

অংশ-২ প্রজাতির সংক্ষিপ্ত প্রতিবেদন

১।ক) প্রজণন দ্রব্যের উৎস :

খ) প্রজাতি উন্নয়নের পদ্ধতি:

২।ক) নতুন প্রজাতির সামগ্রিক অঙ্গসংস্থান (Morphology)
খ) কাল্টিভারের প্রামানিকতা সনাক্তকারী বৈশিষ্ট্য :
৩।ক) কৃষি-পরিবেশ অঞ্চলে (Agro- Ecological zone) জাতটির উপযুক্ততা :
খ) উপযুক্ত শস্য বিন্যাসের বর্ণনা, যদি থাকে :
৪।সার ও পানি ব্যবস্থাপনাসহ অনুকূল চাষ পরিচর্যার বর্ণনাঃ
ক) রোপণঃ
খ) সার প্রয়োগঃ
গ) পানি ব্যবস্থাপনাঃ
৫।ক) আদর্শ ফলন পরীক্ষার ফলাফল এবং নতুন প্রজাতি সম্পর্কে তাহাদের ব্যাখ্যা ।আদর্শ ফলন পরীক্ষার ফলাফল উক্ত বছরে স্থানভিত্তিক চলমান সর্বোত্তম জাতের তুলনীয় বৈশিষ্ট্যের সাথে ফলন পার্থক্য সুস্পষ্টভাবে পরিচিতি করিয়া দিবে (২-৩ মৌসুম/বছরের ফলাফলসহ):

খ) কোন প্রজাতির প্রত্যাহারের পরামর্শ থাকিলে তাহার নামঃ
৬। শস্য সংগ্রহ পদ্ধতিঃ
৭।ক) প্রক্রিয়াজাতকরণ এবং গুদামজাতকরণের পদ্ধতি (কোন নতুন পদ্ধতির প্রয়োজন হইলে তাহার বর্ণনা):
খ) গুদামজাতকরণ পরীক্ষার ফলাফলঃ
১) প্রাকৃতিক অবস্থায়ঃ
২) শীতাতপাবস্থায় (বিশেষ প্রকার /পদ্ধতি):
৮।ক) ভৌত উপাদান (আকার, আকৃতি, দানা, ওজন ইত্যাদি) :
আকার/আকৃতিঃ
বুনট (Texture) :
বর্ণ :
হাজার দানার ওজন (গ্রাম) :
বীজের সুপ্ততা :
খ) রাসায়নিক উপাদান, পুষ্টিগত অবস্থা এবং রান্নার উপযোগিতা (ভোজ্য দ্রব্যের ক্ষেত্রে):
গ) পুনরুদ্ধারের অনুপাত (Recovery ratio) যেখানে প্রযোজ্য :
ঘ) ভাঙ্গা চালের অনুপাত (যেখানে প্রযোজ্য) :
৯। রোগ বালইয়ের প্রতিক্রিয়া :
১০। বীজ হিসেবে ব্যবহৃত উদ্ভিদের অংশঃ
১১। ক) বীজ উৎপাদনের পদ্ধতি (মুক্ত পরাগায়িত জাত বা হাইব্রিডের জন্য গৃহীতব্য বিশেষ সর্তকতা, পৃথকীকরণ মান, বীজের জীবনী শক্তি ১২ মাস পযর্ন্ত বর্ধিতকরণ এবং বিশেষ গুদামজাতকরণের প্রয়োজনীয়তা):
খ) অংগসংস্থানগতভাবে (Morphologically) **কাছাকাছি (most similar)** জাত/জাতসমূহের তালিকা :
গ) ডিইউএস টেস্ট এর আলোকে **কাছাকাছি (most similar)** জাত/জাতসমূহের তালিকা :
১২।ক) কে বা কোথায় প্রজণনবিদের প্রজণন বীজ উৎপাদন করবে।
খ) মৌসুমওয়ারী/বাৎসরিক কি পরিমান প্রজনন বীজ সরবরাহ করা যেতে পারে।
গ) কে ভিত্তি বীজ ও প্রত্যায়িত বীজ উৎপাদন করবে এবং উৎপাদনকারীর মতামত নেয়া হয়েছে কি না ?
ঘ) ডিএই যখন কৃষকের মাঠে জাত উন্নয়ন সংস্থার সহযোগিতা প্রদর্শণী গ্রহনে সর্মথ হবে তখন কতগুলি প্রদর্শণী করতে হবে ?
ঙ) উপরে উল্লিখিত সব তথ্য ও ফসল সংগ্রহোত্তর এবং বীজ উৎপাদন সম্বলিত একটি বাংলা প্রযুক্তি অনুলিপি এতদসংগে সংযোজিত হইল।

আবেদনকারীর দস্তখত

(সীল)

## ফরম ১খ
(বিধি ৭ দ্রষ্টব্য)
অনিয়ন্ত্রতি (Non-notified) ফসলের জাত বা প্রজাতির নিবন্ধন ফরম

প্রাপক
সদস্য-সচিব
জাতীয় বীজ বোর্ড
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
কৃষি মন্ত্রনালয়

১। কোম্পানীর/বীজ ব্যবসায়ির  নাম ও ঠিকানা, রেজিষ্ট্রেশন/ ব্যবসার লাইসেন্স নম্বরসহ (অনুলিপি সংযুক্ত করিতে হইবে):

২। আবেদনকারীর নাম ও ঠিকানা (নতুন জাতের উন্নয়নের জন্য দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি):

৩।যে জাত হইতে নতুন জাতের উদ্ভব হইয়াছে তাহার উদ্ভিদতাত্ত্বিক নাম:

৩ । রেজিস্ট্রেশনের জন্য প্রস্তাবিত প্রচলিত নাম:
৪ । ।নতুন জাতের পরিবেশগত (Ecological) চাহিদা:
ক) সূচনা :
খ) উৎস দেশ :
৫ । প্রজণনবিদের নাম:
৬ ।নতুন জাতের কৃষি তাত্বিক (Agronomical) চাহিদা:
ক) চাষ পদ্ধতি:
খ) প্রতি হেক্টরে বীজের হার:
গ) রোপন দূরত্ব :
ঘ) প্রতি হেক্টরে গাছের সংখ্যা:
ঙ) প্রতি হেক্টরে সারের প্রয়োজনীয়তা:
চ) মাঠে ফসলের জীবনকাল/মেয়াদ:
(বীজ হইতে বীজ)
৭ । পন্য ব্যবহারের জন্য যদি বিশেষ প্রকিয়াজাতকরণের প্রয়োজন হয়, তাহা হইলে উহার বিবরণ:
৮ । শস্যের ব্যবহার যোগ্য অংশের নাম:
৯ । রোগ পোকার প্রতিক্রিয়ার উপর কোন পরীক্ষা করা হইয়া থাকিলে উহার বিবরণ:
প্রাকৃতিক (পরীক্ষিত মৌসুম /বৎসরের সংখ্যা):
১০ । নতুন জাতের অন্য কোন বিশেষ সনাক্তকারী বৈশিষ্টের বর্ণনা:
১১ । নিম্নলিখিত পরীক্ষাগুলো হইয়া থাকিলে উহার বর্ণনা :
ক) আঞ্চলিক ফলন পরীক্ষা (যদি করা হইয়া থাকে) :
খ) খামারে ফলন পরীক্ষা :
গ) কৃষিতাত্বিক পরীক্ষা :

আবেদনকারীর দস্তখত
(সীল)

ফরম ২ক
(বিধি ৮ দ্রষ্টব্য)
বীজ ডিলার রেজিস্ট্রেশন ফরম

বরাবর
বীজ পরিদর্শক
.........(জেলা)
১ ।নাম :
২ । পিতার নাম:
৩ । মাতার নাম :
৪ ।ঠিকানা :
ক) বর্তমান যোগাযোগ ঠিকানা:
মোবাইল নম্বর :
ইমেইল নম্বর :
জাতীয় পরিচয়পত্র নম্বর:
খ) স্থায়ী ঠিকানা :
গ) বীজের দোকানের নাম ও ঠিকানা :
৫ ।জন্মতারিখ/বয়স:

৬। ডিলারের ধরন (উৎপাদনকারী ও উদ্ভাবনকারী/ বীজ আমদানি ও রপ্তানীকারক/পাইকারী ও খুচরা বিক্রেতা/ বীজ প্রক্রিয়াজাতকারক ও প্যাকেটকারী)

৭। বীজ বিষয়ে কাজের পরিমান (টন)....উৎপাদন/বিক্রয়/আমদানী ও রপ্তানী/প্রক্রিয়াজাতকরণ (বিগত দুই বৎসর)

৮।বীজ ব্যবসার অভিজ্ঞতা............. বৎসর (যে কোন অফিস থেকে/সরকারী প্রতিষ্ঠান বা এজেন্সীর প্রত্যয়নপত্র সংযুক্ত করিতে হইবে):

৯। পছন্দের বিষয় (বীজ সম্পর্কিত):

১০। কোম্পানীর রেজিষ্ট্রেশন/ ব্যবসার লাইসেন্স নম্বর (যদি থাকে অনুলিপি সংযুক্ত করিতে হইবে):

১১।এতদসম্পর্কিত অন্য কোনো তথ্য:

১২।ট্রেজারী চালানের কোড নম্বর :১-৪৩৩৮-০০০০-২৬৮১ নম্বরে নিধারিত ফি জমা দিতে হবে।

আবেদনকারীর দস্তখত
(সীল)

ফরম ২খ
(বিধি ৮ দ্রষ্টব্য)
বীজ ডিলার রেজিস্ট্রেশন নবায়ন আবেদন ফরম

বরাবর
বীজ পরিদর্শক
.........(জেলা)

১।নাম :
২। পিতার নাম:
৩। মাতার নাম :
৪।ঠিকানা :
ক) বর্তমান যোগাযোগ ঠিকানা:
মোবাইল নম্বর :
ইমেইল নম্বর :
জাতীয় পরিচয়পত্র নম্বর:
খ) স্থায়ী ঠিকানা :
গ) বীজের দোকানের নাম ও ঠিকানা :
৫।জন্মতারিখ/বয়স:
৬। ডিলারের ধরন :
ক) উৎপাদনকারী /উদ্ভাবনকারী
খ) আমদানি ও রপ্তানীকারক
গ) পাইকারী বিক্রেতা
ঘ)/ খুচরা বিক্রেতা
ঙ) বীজ প্রক্রিয়াজাতকারক

৭। বীজ বিষয়ে কাজের পরিমান (টন)....উৎপাদন/বিক্রয়/আমদানী ও রপ্তানী/প্রক্রিয়াজাতকরণ (বিগত দুই বৎসর)
৮। কোম্পানীর রেজিস্ট্রেশন/ ব্যবসার লাইসেন্স নম্বর (যদি থাকে অনুলিপি সংযুক্ত করিতে হইবে):
৯।এতদসম্পর্কিত অন্য কোনো তথ্য:
১০।ট্রেজারী চালানের কোড নম্বর :১-৪৩৩৮-০০০০-২৬৮১ নম্বরে নিধার্রিত ফি জমা দিতে হবে।

আবেদনকারীর দস্তখত
(সীল)

ফরম ৩
বীজ প্রত্যয়নের আবেদনপত্র
(বিধি ১০ দ্রষ্টব্য)

ক্রমিক নম্বর............ রেজিস্ট্রেশন নম্বর......................
জেলা এবং ক্রমিক নম্বর...............

১।আবেদনকারীর নাম :
২। জাতসহ ফসলের নাম:
৩। গ্রাম............................ইউনিয়ন...........................
ডাকঘর............................ থানা.........................................
জেলা...........................

৪। প্লটের অবস্থান (মৌজা ম্যাপসহ)

| মৌজার নাম | প্লট নম্বর | জমির পরিমাণ (হেক্টর) | জাত | বীজের শ্রেণি | ফসল কর্তনের সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৫। রেজিস্ট্রেশন নম্বর

৬। বপনতব্য বীজের উৎস (ট্যাগ নম্বর এবং ট্যাগের অন্যান্য তথ্য উল্লেখপূর্বক কপি সংযুক্ত করিতে হইবে):

৭। বপন/রোপনের তারিখ :

আবেদনকারীর দস্তখত

(সীল)

## (দ্বিতীয় অংশ)

## অধিকার প্রাপ্ত কর্মকর্তা/ বীজ উৎপাদন প্রতিষ্ঠানের প্রতিনিধি/ বীজ উৎপাদনের কোম্পানী কর্তৃক বীজ প্রত্যয়ন এজেন্সীর নিকট সরবরাহের তথ্যাবলী

### ১। বপন/রোপনের পূর্বে(কর্মসূচি)

| উৎপাদন বৎসর | বীজ উৎপাদন খামার/জোন অথবা এরিয়ার নাম | ব্লক/সাবএরিয়ার নাম | ফসলের নাম | ফসলের জাত | যে শ্রেণির বীজ উৎপাদন করা হইবে | বীজ উৎপাদন এরিয়া(হেঃ) | বীজ উৎপাদন(কেজি) |
|---|---|---|---|---|---|---|---|

### ২।বপন/রোপনের সমাপ্তির পর

| উৎপাদন বৎসর | বীজ উৎপাদন খামার/ জোন অথবা এরিয়ার নাম | ব্লক/ সাব এরিয়ার নাম | গ্রাম, ইউনিয়ন এবং থানা | ফসলের নাম | ফসলের জাত | যে শ্রেণির বীজ উৎপাদন করা হবে | বীজের উৎস | উৎপাদকের নাম | প্লট নম্বর | বীজ উৎপাদন এরিয়া (হেঃ) | রোপনের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|

### ৩।ফুল আসার পর

| উৎপাদন বৎসর | বীজ উৎপাদন খামার/ জোন অথবা এরিয়ার নাম | ব্লক/ সাব এরিয়ার নাম | গ্রাম ইউনিয়ন এবং থানা | ফসলের নাম | ফসলের জাত | যে শ্রেণির বীজ উৎপাদন করা হবে | বীজের উৎস | উৎপাদকের নাম | প্লট নম্বর | বীজ উৎপাদন এরিয়া (হেঃ) | সম্ভব্য বীজ প্রাপ্তি (কেজি) | সম্ভব্য ফসল কর্তনের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|

### ৪। ফসল কর্তনের পর

| বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের নাম/জোন এবং বীজ সংরক্ষনাগারের স্থান | বীজ সংগ্রহের বৎসর | বীজ উৎপাদনের বৎসর | উৎপাদনএরিয়া বা স্থানের নাম | ফসলের নাম | ফসলের জাত | বীজের শ্রেণি | প্রতিষ্ঠান বা কোম্পানী কর্তৃক প্রদত্ত লট নম্বর | লটে বীজের পরিমান(টন) |
|---|---|---|---|---|---|---|---|---|

অধিকারপ্রাপ্ত কোম্পানি/ প্রতিষ্ঠানের প্রতিনিধির

স্বাক্ষর ও সীল

ফরম -৪
বীজ প্রত্যয়নের আবেদনপত্র
(বিধি ১২ দ্রষ্টব্য)
গ্রহণাদেশ

রিপোর্ট নম্বর......................
তারিখ...........................
ঠিকানা...........................                                   রেজিষ্ট্রেশন নম্বর...............
.................................
.................................
আবেদন পত্রের নম্বর................
ফসলের নাম......................
জাত...............................
রেজিষ্ট্রেশন নম্বর...................
ব্যবহৃত বীজের শ্রেণি................
প্লট নম্বর..........................
জমির পরিমান (হে:)................
পূর্ববর্তী ফসলেরে নাম...............
বপন/রোপনের তারিখ...............
কোন শ্রেণির বীজ উৎপাদন করা হবে: প্রজনন....................ভিত্তি............................
প্রত্যায়িত..................................
এই পরিদর্শনে বীজ ফসলের পর্যায়................................
সম্ভাব্য ফসল কর্তনের তারিখ....................................
পৃথকীকরণ দূরত্ব(মিটার)........................................
বীজ বাহিত রোগের নাম.............................................
অন্য ফসলের গাছ.............................................
আগাছা (প্রকার এবং সংখ্যা).....................................
মাঠে গননা

| শতকরা হার | | | | | |
|---|---|---|---|---|---|
| | গণনার সংখ্যা | অফটাইপ/অন্য জাত | অন্য ফসল | আপত্তিকর আগাছা | বীজ বাহিত রোগাক্রান্ত গাছ |
| অফটাইপ:<br>অন্য জাত:<br>অন্য ফসল:<br>বীজ বাহিত:<br>রোগাক্রান্ত গাছ: | ১ | | | | |
| | ২ | | | | |
| | ৩ | | | | |
| | ৪ | | | | |
| | ৫ | | | | |
| | ৬ | | | | |
| | ৭ | | | | |
| | ৮ | | | | |
| | ৯ | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ১০ | | | | |

ফরম- ৪ (চলমান)

ইহা কি চূড়ান্ত প্রতিবেদন?.........................................................................................

প্রতি হেক্টরে বীজের সম্ভাব্য ফলন:..................................................................

উৎপাদক অথবা তার প্রতিনিধি কি পরিদর্শনের সময় উপস্থিত ছিল?.......................................................

প্রত্যায়নের জন্য এই ফসল কি মান নিশ্চিত করে ?..........................................................................

মন্তব্য.........................................................................................

কত হেক্টর জমি মাঠ মান নিশ্চিত করে......................................................................

পরিদর্শনের তারিখ..................

উৎপাদক/ চাষীর স্বাক্ষর:

তারিখ......... বীজ প্রত্যয়ন কর্মকর্তার স্বাক্ষর

ফরম -৫

(বিধি ১২ দ্রষ্টব্য)

বাতিলাদেশ

মেসার্স......................................                                    তারিখ..................

ডাকঘরঃ.....................................

গ্রামঃ.......................................                                    ইউনিয়নঃ.....................

থানাঃ........................................                                    জেলাঃ...........................

জনাব,

অতি দু:খের সহিত জানানো যাইতেছে যে,..........................জাতের.........................
একর............................প্লট নম্বর......................... পরিদর্শনে নির্ধারিত মাঠ মান নিশ্চিত না হওয়ায় বাতিল করা হইল।

নিম্নবর্নিত নির্ধারিত মাঠ মানের বিষয়গুলি মাঠে বিস্তারিত পর্যবেক্ষণ পূর্বক বীজ মাঠ বাতিল নিশ্চিত করা হয়েছে:

ক) পৃথকীকরণ দূরত্বঃ.....................................................

খ)অন্য জাতের মিশ্রণঃ..................................................

গ)অন্য ফসলের মিশ্রণঃ..................................................

ঘ) আপত্তিকর আগাছাঃ...................................................

ঙ) গমের লুজ স্মাট বা এবং পৃথকীকরণঃ......................................

চ)ফসলের পূর্ব ইতিহাসঃ..................................................

ছ) অতিরিক্ত বীজ বাহিত রোগঃ.............................................

**বীজ প্রত্যয়ন কর্মকর্তার সুপারিশ**

..........................ইহা নিশ্চিত করে যে, বাতিলকৃত প্লট থেকে উৎপাদিত ফসল কোনো ক্রমেই বীজ হিসেবে ব্যবহার করা যাবে না। তবে বীজ ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে।

মিশ্রণ, আগাছা এবং রোগাক্রান্ত গাছ বীজ মাঠ থেকে উঠিয়ে ফেলার ব্যবস্থা নিতে হইবে এবং পূন: মাঠ পরিদর্শন করিতে হবে।

বীজ পরিদর্শকের স্বাক্ষর:

প্রতিবেদনের তারিখ:

অনুলিপি: উৎপাদক/আঞ্চলিক বীজ প্রত্যয়ন কর্মকর্তা/পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী।

ফরম -৬

(বিধি ১৩ দ্রষ্টব্য)

**বীজ প্রত্যয়ন**

ট্যাগ নম্বর........................

ফসল...........................

জাত..........................

এই বীজ বাংলাদেশের জাতীয় বীজ বোর্ড কর্তৃক প্রণীত বীজ মানকে নিশ্চিতকরণ।

পরিচালক
বীজ প্রত্যয়ন এজেন্সী

**প্রত্যায়িত বীজমান**

বিশুদ্ধতা(সর্বনিম্ন)..................................%
অন্য বীজ (সর্বোচ্চ)...............................%
আগাছার বীজ (সর্বোচ্চ).....................................সংখ্যা/কেজি
জড়পদার্থ (সর্বোচ্চ)................................%
অংকুরোদগম(সর্বনিম্ন).....................................%

ফরম -৭
(বিধি ৩০ দ্রষ্টব্য)

# আদেশ ফরম

প্রতি,
(ব্যবসায়ির নাম ও ঠিকানা)
.............................
.............................
...........................

যেহেতু আপনার তত্ত্বাবধানে নিম্নবর্ণিত বীজের রক্ষনাবেক্ষণ বিধি এবং বীজ আইন এর ধারা ১০ এর বিধান লংঘিত হইয়াছে বলিয়া আমি মনে করি।

যেহেতু আমি বীজ আইন ধারা ১৯ (১) এর বিধান
মোতাবেক উক্ত বীজের স্টক অদ্য................২০........ইং তারিখ হইতে...................
দিনের মধ্যে হস্তান্তর না করাসহ নিম্নলিখিত ত্রুটিগুলি মুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করিতেছি।

………………………………………………………………………………………
………………………………………………………………………………………
………………………………………………………………………………………
………………………………………………………………………………………
স্থান …………………..

তারিখ…………………

বীজ পরিদর্শক

(সীল)

বীজের স্টক বিবরনী:

………………………………………………………………………………………
………………………………………………………………………………………
………………………………………………………………………………………
তারিখ…………………

বীজ পরিদর্শক

(সীল)

ফরম -৮
(বিধি ৩১ দ্রষ্টব্য)
রের্কড সংরক্ষণের জন্য গৃহীত ফরম

প্রতি,
……………………….
……………………….
……………………….
বীজ আইন, ধারা ১৯ (১) এর বিধান
মোতাবেক নিম্নে বর্ণিত তথ্যাবলী…………………………………………………………
………………………………………………………………………………………
……………………………………………………………………………………...
…………………………………..এর আঙ্গিনা হইতে অদ্য জব্‌দ করা হইল।
অবস্থান………………………………….
স্থান……………………………………..

বীজ পরিদর্শক
(সীল)

রেকর্ড এর বিস্তারিত বিবরণ :
……………………………………………………………………………………..

………………………………………………………………………………………..
…………………………………………………………………………………………
তারিখ……………………..

বীজ পরিদর্শক

(সীল)

ফরম -৯

(বিধি ৩২ দ্রষ্টব্য)

বীজ বিশ্লেষকের নিকট নমুনা প্রেরণের ফরম

প্রতি,
বীজ বিশ্লেষক
………………………
………………………
………………………

বীজ আইন, ধারা ১৯ (১) (ক) এবং /বা ২০(২) (খ) ও (গ) এ বর্ণিত বিধান মোতাবেক নিম্নে উল্লেখিত বীজ নমুনাগুলো পরীক্ষা করার নিমিত্তে এতদসংগে প্রেরিত হল ।

১। নমুনার ক্রমিক নং:………………………………

২।নমুনা সংগ্রহের তারিখ ও স্থান :………………………………..

৩। দাখিলকৃত বীজ নমুনার পরীক্ষার বিবরণ:

…………………………………………………………………………………
…………………………………………………………………………………

তারিখ……………………..

বীজ পরিদর্শক

(সীল)

ফরম -১০
(বিধি ৩৭ দ্রষ্টব্য)
**নোটিশ ফরম**

প্রতি

.........................
.........................
.........................

এতদ্বারা আপনাকে অবগত করানো যাচ্ছে যে, বীজ আইন ধারা ২০(১) (ক) এর প্রচলিত বিধান মোতাবেক আপনার গুদামের স্টক বীজ পরীক্ষার উদ্দেশ্যে উক্ত গুদাম হইতে বীজ নমুনা সংগ্রহের জন্য আমি নিম্ন স্বাক্ষরকারী একান্তভাবে ইচ্ছা পোষণ করিতেছি।

তারিখ...........................

বীজ পরিদর্শক
(সীল)

ফরম -১১
(বিধি ৩৮ দ্রষ্টব্য)
**বীজ পরীক্ষার রিপোর্ট**

বীজ ফসলের নাম.............................. জাত...................................

নমুনা প্রাপ্তির তারিখ............................ ... পরীক্ষার তারিখ...........................

বীজের শ্রেণি....................................... বিশুদ্ধতা...............................%

পরিমাণ............................................. অংকুরোদগম ক্ষমতা...................%

লট নম্বর........................................... আর্দ্রতা.................................%

রেফারেন্স/কোড নম্বর..............................

(ক) বিশুদ্ধতা বিশ্লেষণ

| বিশুদ্ধ বীজ(%) | জড় পদার্থ(%) | অন্যান্য ফসলের বীজ(%) | আগাছার বীজ(সংখ্যা/ কেজি) |
|---|---|---|---|
| | | | |

(খ) বিশুদ্ধ বীজের অংকুরোদগম ক্ষমতা পরীক্ষা

| চূড়ান্ত গণনায় স্বাভাবিক চারা(%) | অস্বাভাবিক চারা(%) | শক্ত বীজ(%) | সতেজ অ-অংকুরিত বীজ (%) | মৃত বীজ (%) |
|---|---|---|---|---|
| | | | | |

স্মারক নং............ তারিখ.........................

বীজ বিশ্লেষক

(সীল)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

.........................................................................................

ফরম -১২
(বিধি ৪১ দ্রষ্টব্য)
স্মারক ফরম

প্রতি,
.......................
.......................
.......................
বীজ বিশ্লেষক কর্তৃক একই রকম পরীক্ষা করার জন্য নিম্নে উল্লেখিত বীজের নমুনা আমি অদ্য...........................................................................তে অবস্থিত ...............................................................................প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করিলাম।

বীজ পরিদর্শকের স্বাক্ষর ও
(সীল)

তারিখ.............................................. এলাকা............................
সংগৃহীত নমুনার কেন্দ্র/ প্রতিষ্ঠানের প্রতিনিধির স্বাক্ষর :

স্বাক্ষীর স্বাক্ষরঃ

১।

২।